# দিঘলিয়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-২ )

সভাপতি : শেখ মারুফুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৭ ফেব্রুয়ারি ২০২৩, সোমবার

সময় : বেলা ১২: ৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক্ রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার দিনের সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত জানুয়ারি ২০২৩, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | জানুয়ারি ২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২. | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, জানুয়ারি ২০২৩ মাসে ০৯ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়কে, যথাসময়ে সভা আহবান পূর্বক সভার কার্যবিবরণী প্রেরণের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভা আহবান করতে হবে এবং মাসিক সাধারন সভার কার্যবিবরনীতে অন্তর্ভুক্ত করারমত বিষয়টুকু গুছিয়ে এই কার্যবিবরণীর ফরমেটে সফট কপি ও হার্ড কপি দিতে হবে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নির্দিষ্ট সময়ের মধ্যে স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- দ্বয় |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয়সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: জানুয়ারি/২০২৩ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়-১২,৫৮,৪৪৪/-<br>মোট ব্যয়-৪,২০,৬০৬ /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা পল্লী উন্নয়ন কমিটি। | সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বিআরডিবি সুফলভোগীদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন কার্যক্রম অব্যাহত আছে। এ পর্যন্ত পুজি গঠনের পরিমান ১২৮.২৯ লক্ষ। দপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্পে ২০২২-২০২৩ অর্থবছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা ৪০১.৯৯ লক্ষ প্রায় যার ১০০% বিতরণ হবে মর্মে আশা পোষণ করেন। ইতোমধ্যে কোভিড-১৯ প্রণোদনা ঋণ বিতরণ ৬৬.৫০ লক্ষ টাকা যার কিস্তি আদায়ের হার ১০০% এবং বিআরডিবির অন্যান্য প্রকল্প ও কর্মসূচীর মোট ১০৮.৫৬ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থবছরের ৭ মাসে ১১৮.০৯ টাকা আদায় করা হয়েছে। চলতি ঋণ আদায়ের হার ১০০%। মেয়াদউত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের ইউএনও মহোদয়, উপজেলা পরিষদ ও অফিসার ইনচার্জ এর নিকট হতে আন্তরিক সহযোগীতা পাওয়ায় তিনি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণউত্তর ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জমার মাধ্যমে পুজি গঠন ও ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রাখতে সংশ্লিষ্টদের সহযোগীতা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিঘলিয়া খুলনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা মহিলা বিষয়ক কমিটি | সভায় উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় অনলাইনে আবেদনের ভিত্তিতে ইউনিয়ন কমিটি যাচাই বাছাই পূর্বক তালিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার আইডিতে প্রেরণ করেছেন। উপজেলা কমিটি যাচাই বাছাই পূর্বক চূড়ান্ত অনুমোদনের করা হবে। তিনি বলেন ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় খাদ্যশস্য বিতরণ ও উপকারভোগী এ্যাকাউন্ট খুলে সঞ্চয় জমা চলমান আছে। উক্ত কর্মসূচীর আওতায় বারাকপুর, যোগীপোল এবং দিঘলিয়া ইউনিয়ন হতে কিছু বাদ সংশোধনের জন্য স্ব স্ব ইউনিয়ন হতে আবেদন করেছেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কমিটির সভার মাধ্যমে পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ, দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা মুক্তিযোদ্ধা কমিটি | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি কর্তৃক বেসামরিক গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মাণ শীর্ষক প্রকল্প ১২ টি বীর নিবাসের মধ্যে ৬টির কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ৬ টি ঘরের কাজ দ্রুত শেষ করতে হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঘরগুলো দ্রুত হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া খুলনা। |
| ০৭ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থায়ী কমিটি | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, আড়ুয়া এবং বামনডাঙ্গা কমিউনিটি ক্লিনিকের সামনে সংযোগ সড়ক ও আড়ুয়া কমিউনিটি ক্লিনিকের পিছনের গর্ত ও নিচু স্থানে মাটি ভরাট করা প্রয়োজন। তিনি বলেন খেজুরের কাঁচা রস খেলে "নিপা ভাইরস" দ্বারা সংক্রমণের ঝুঁকি খুব বেশী। সে কারণে খেজুরের কাঁচারস না খাওয়ার জন্য সবার প্রতি আহবান জানান। তিনি আরো বলেন হাসপাতালে আগত রোগী ও অন্যান্যদের সাইকেল/মটরসাইকেল নিরাপদে রাখার জন্য একটি সাইকেল গ্যারেজ নির্মাণ প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আড়ুয়া ও বামনডাঙ্গা ক্লিনিকের সংযোগ সড়ক নির্মাণ এবং গর্ত ও নিচু স্থানগুলো মাটি দ্বারা ভরাট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও সংশ্লিষ্ট চেয়ারম্যানদ্বয় দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন কমিটি | সভায় উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, ২০২২-২৩ অর্থবছরে রাজস্ব খাতের ০৭ টি ব্যাচের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে প্রশিক্ষণ পরিচালনার জন্য নির্দেশনা পাওয়া গিয়াছে। বছরে প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ২১০ জন নীতিমালা অনুযায়ী ২১০ জন যুব ও যুব মহিলাদেরকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। এখন পর্যন্ত প্রশিক্ষণ খাতের ০৭ ব্যাচের প্রশিক্ষণ বাজেট পাওয়া গিয়াছে, বাজেট অনুযায়ী ০৩ টি ব্যচের প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। | সভায় বিস্তরিত আলোচনান্তে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ রেখে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা ও ঋণ আদায় ও বিতারণের কাজে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা মৎস্য ও প্রানিসম্পদ কমিটি | সভায় উপজেলা মৎস্য অফিসার জানান যে, জেলেদের নিবন্ধন কার্যক্রম চলমান আছে। তিনি বলেন প্রকৃত মৎস্যজীবীদের আবেদন করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন বিশেষ কম্বেং অপারেশন ২০২৩ সফলভাবে শেষ হয়েছে। তিনি বলেন ২০২২-২৩ অর্থবছরে ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের আওতায় দিঘলিয়া উপজেলা ইলিশ জেলেদের মাঝে বিতরণকৃত ২০টি গরুর মধ্যে সোনাকুড় গ্রামের মিলন এর গরুটি বিগত ০৩/০২/২০২৩ তারিখ হঠাৎ অসুস্থ হয়ে মারা গিয়েছে। তিনি বলেন উপজেলা মৎস্য দপ্তরের অফিস সহায়ক পদটি দীর্ঘদিন শূন্য থাকায় দাপ্তরিক কার্যক্রম ব্যহত হচ্ছে। | সভায় বিস্তরিত আলোচনান্তে জেলেদের নিবন্ধনে উৎসাহিত করার জন্য প্রচার প্রচারণা করাসহ কার্যক্রম সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কাজ সঠিকভাবে সম্পূর্ণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১০ | বিবিধ আলোচনা উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর। | সভায় উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, আড়ংঘাটা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্র দিঘলিয়া সেবা গ্রহীতাদের জন্য ফ্যান ও চেয়ার এবং অফিসের জন্য কুশন চেয়ার প্রয়োজন। তিনি বলেন বাল্ব ও দরজা, জানালার পর্দা, স্টীলের আলমারি, টেবিল, সেবা গ্রহীতাদের জন্য স্মার্ট টিভি, নতুন ০১ টি দরজা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুয়ায়ী দাপ্তরিক কার্য পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা খাদ্য দপ্তর | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার জানান যে, অত্র দিঘলিয়া উপজেলায় দুই জন ডিলারের মধ্যে ৩০/- টাকা কেজি দরে খোলা বাজারে চাউল বিক্রি কার্যক্রম | সভায় বিস্তারিত আলোচনান্তে খোলা বাজারে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>অব্যহত আছে। ইহাছাড়া অনলাইন যাচাই স্বাপেক্ষে অনুমোদিত ৭,৪১৫ জন উপকার ভোগীদের মাঝে খাদ্য বান্ধব কর্মসূচীর পুষ্টি চাউল বিতরণ (১৫/- টাকা কেজি দরে) চলমান রয়েছে। ২৮/০২/২০২৩ খ্রি: তারিখ থেকে মার্চ/২৩ মাসের চাউল বিতরণ শুরু হতে যাচ্ছে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক রয়েছে।</td>
<td>চাউল বিক্রি কার্যক্রম ও পুষ্টি চাউল বিতরণ এর কাজ সরকারি বিধি অনুয়ায়ী বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>অফিসার, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর</td>
<td>সভায় উপজেলা আনসার ও ভিডিপি অফিসার জানান যে, তার অফিসের সামনে ০১ (এক)টি মেহেগনী গাছ ও ০২ (দুই) টি নারকেল গাছসহ ০৩(তিন) টি গাছ কেটে মাঠটি সমান করা ও সামনে দিয়ে বাউন্ডারী দেওয়ার জন্য গাছ গুলি কাটার অনুমতির জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে গাছ ৩(তিন)টি জীবিত হওয়ার কারণে উপজেলা বন কর্মকর্তার পরামর্শ অনুযায়ী পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা আনসার ভিডিপি অফিসার, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর প্রস্তাব</td>
<td><u>প্রস্তাব-১ :</u> উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে প্রকল্প কমিটির কাজ ও উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত হওয়ায় প্রকল্পগুলির প্রকল্প কমিটির কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট প্রকল্পগুলো টেন্ডারে নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে কাজ চলমান রয়েছে।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলি যাতে দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী টেন্ডারের ৫% অর্থের সাশ্রয়কৃত অর্থের প্রকল্প সংক্রান্ত।</td>
<td>সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান এর নির্দেশনা মোতাবেক ২০২২-২০২৩ অর্থবছরে এডিপি এর আওতায় টেন্ডারে প্রকল্পের ৫% সশ্রায়কৃত টাকার বিপরীতে উপজেলা পরিষদের পুরাতন ভবনের ১। উপজেলা মহিলা বিষায়ক কর্মকর্তা অফিস কক্ষ মেরামত। ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার, অফিস কক্ষ মেরামত প্রকল্পের জন্য দুইটি পৃথক পৃথক প্রকল্প গ্রহণ করা হয়েছে যথা:১ম প্রকল্পের টাকা=১,০৫,০৫৭/-(এক লক্ষ পাঁচ হাজার সাতান্ন) টাকা ২য় প্রকল্পের টাকা=১,১২,৪৪৩/-(এক লক্ষ বার হাজার চার শত তিতাল্লিশ) টাকার প্রাক্কলন ও প্রকল্পের দুইটি পৃথক কমিটি প্রস্তুত করা হয়েছে । যা অনুমোদন প্রয়োজন। কমিটি দুইটি নিম্নরুপ:<br><br>১ম প্রকল্প কমিটি নিম্নরুপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>নাম</th><th>ঠিকানা</th><th>কমিটির পদবী</th></tr>
<tr><td>০১।</td><td>শেখ মমতাজ শিরীন</td><td>ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ,দিঘলিয়া,</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২।</td><td>মোঃ ইসরাইল</td><td>শিক্ষক দেয়াড়া সরকারি প্রা:বি:</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩।</td><td>হেমা হাসান</td><td>এনজিও প্রতিনিধি দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪।</td><td>হাফেজমোঃ ইয়াছিন</td><td>ইমাম, দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫।</td><td>মোঃরেজাউল ইসলাম</td><td>শিক্ষক, দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬।</td><td>মোঃআমিরুল ইসলাম</td><td>গন্যামাণ্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭।</td><td>মোঃ হামিম</td><td>সমাজ সেবক</td><td>সদস্য</td></tr>
</table>
</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে সাশ্রয়কৃত টাকার প্রাক্কলন ও প্রকল্পটি অনুমোদন এবং কাজটি দ্রুত বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৪</td>
<td></td>
<td>২য় প্রকল্প কমিটি নিম্নরুপ:
<table>
<tr><td>ক্র:নং</td><td>নাম</td><td>ঠিকানা</td><td>কমিটির পদবী</td></tr>
<tr><td>০১।</td><td>মোঃ হাফিজুর রহমান</td><td>ইউপি সদস্য ০৩ নং দিঘলিয়া</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২।</td><td>মোঃ কামরুল</td><td>শিক্ষক ব্রহ্মগাতী সরকারি প্রা:বি:</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩।</td><td>শেখ মোয়াজ্জেম</td><td>এনজিও প্রতিনিধি দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪।</td><td>মোঃ আব্দুল্লাহ</td><td>ইমাম, দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫।</td><td>মোঃ ফরহাদ</td><td>আনসার ভিডিপি দিঘলিয়া</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬।</td><td>মোঃ নূরইসলাম</td><td>গন্যামাণ্য</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭।</td><td>মোঃ জাফর</td><td>সমাজ সেবক</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>চেয়ারম্যান দিঘলিয়া ইউপি</td>
<td>সভায় চেয়ারম্যান দিঘলিয়া ইউপি জানান যে, তিনি জানান টিসিবির ডিলারা তাদের সাথে ১০ জন করে লোক নিয়ে আসে । তারা মাল বিতারণ করার শেষে যে অতিরিক্ত মাল থাকে তারা সেই মাল যাতে তাদের সঙ্গে করে নিয়ে না যায় এবং সেই মাল যাতে উপস্থিত জন সাধারনের মাঝে বিতারণ করা হয়। তিনি জানান টিসিবির কার্ডের কিছু পরিবর্তন করার বিষয় তিনি সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন দিঘলিয়া ইউনিয়নের বিভিন্ন স্থানে হেরিং বোন্ডের কাজ চলছে এতে সংশ্লিষ্ট ঠিকাদার তার ইস্টিমেট অনুযায়ী কাজ করছেন না ঠিকাদার যাতে সঠিক নিয়মে কাজ করে সে জন্য সংশ্লিষ্ট সকলকে কাজের তদারকি করার জন্য অনুরোধ করেন।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে টিসিবির মাল বিতরণের পর যে মাল অবশিষ্ট থাকবে সেই মাল উপস্থিত জনগণের মাঝে বিরতণসহ চলমান কাজ সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকল্পবাস্তবায়ন অফিসার দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি</td>
<td>সভায় চেয়ারম্যান আড়ংঘাটা ইউপি জানান যে, তিনি যে সব এলাকায় ঘনবসতীর বসবাস যে সমস্ত এলাকায় একটি গভীর নলকূপ স্থাপন করে সেখানে একটি ট্যাংকি স্থাপন করে পানি সরবরাহের ব্যবস্থা করা হলে এলাকার লোকজন উপকৃত হবে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে আগামী অর্থবছরে এডিপির/উন্নয়ন তহবিলের অর্থ হতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার</td>
<td>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, পল্লীসঞ্চায়ী ব্যাংকের নিরাপত্তার স্বার্থে কয়েকটি সিসি ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের নষ্ট সিসি ক্যামেরাগুলো মেরামত/পরিবর্তন করা প্রয়োজন। তিনি আরো বলেন দিঘলিয়া উপজেলা ট্রান্সফোর্স কমিটি কতৃক সেনহাটির চন্দনীমহল আশ্রয়ণ প্রকল্পে ৬৩ জন এবং দিঘলিয়া মহেশ্বরপুর আশ্রয়ন প্রকল্পে ৪৩ জন ভূমিহীনের তালিকা চুড়ান্ত করে বন্দোবস্ত প্রস্তাব প্রেরণ করা হয়েছে। চলমান তালিকার অবশিষ্ট ৬৬টি বরাদ্দ প্রাপ্ত ঘর দ্রুত ক্রয়কৃত ও খাস জমিতে ঘর নির্মাণ সম্পন্ন করে অবশিষ্ট ভূমিহীন পরিবারের অনুকূলে বন্দোবস্ত দিতে হবে।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে ব্যাংকের নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন/নষ্ট সিসি ক্যামেরাগুলো মেরামত ও পরিবর্তন করাসহ আশ্রয়ন প্রকল্পে ৬৩ টি এবং ৪৩ ঘরের চুড়ান্ত বন্দোবস্ত প্রদান করা। অবশিষ্ট ৬৬ টি ভূমিহীন পরিবারের জন্য ক্রয়কৃত ও খাস জমিতে ঘর নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী কর্মকর্তা দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া, খুলনা।</td>
<td>সভায় চেয়ারম্যান উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তর চত্বরের রাস্তা ঠিকাদার দীর্ঘদিন ধরে কিছু খোয়া বালির কাজ করে ফেলে রেখেছেন। উক্ত রাস্তা ঢালাই এর কাজ সমাপ্ত না হওয়ায় চলা চলের অসুবিধাসহ অভ্যন্তরের</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে পরিষদের রাস্তগুলো যাতে দ্রুত সম্পন্ন</td>
<td>উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা।</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | পরিবেশ বিঘ্ন হচ্ছে। তিনি এ ব্যাপারে উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। | করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫০০০/-<br>০৩। উপজেলা পরিষদের কমিটির সভা পরিচালনা ব্যয় বাবদ=৮০০০/-<br>০৪। চেয়ারম্যান, মহোদয়ের জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/-<br>০৫। ভাইস চেয়ারম্যানের জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৬। মহিলা ভাইস চেয়ারম্যানের জানুয়ারি/২০২৩ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৭। জনাব টিমলা দাস, পরিচ্ছন্নতাকর্মী এর জানুয়ারি/২০২৩ মাসের দৈনিক ভাতা বাবদ=১৪,৩৫০/-<br>০৮। জনাব লিয়াকত আলী খান, মালী এর জানুয়ারি/২০২৩ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৯। চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া খুলনা এর জানুয়ারি/২০২৩ মাসের ভ্রমণ বিল বাবদ ১১,৪৫৫/-<br>১০। ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর জানুয়ারি/২০২৩ মাসের ভ্রমণ বিল বাবদ=৬,০০০/-<br>১১। ভাইস চেয়ারম্যান মহিলা উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর জানুয়ারি/২০২৩ মাস ভ্রমণ বিল বাবদ= ৬,০০০/-<br>১২। মেসার্স খুলনা ফিলিং ষ্টেশন দৌলতপুর পাবলা খুলনা উপজেলা পরিষদের জীপ গাড়ির জ্বালানী তেলের বিল বাবদ=৮১,৮২৩/-<br>১৩। মোঃ হাফিজুর রহমান অফিস সহায়ক, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা এর নামে জানুয়ারি/২২ মাসের বিদ্যুৎ বিল =১৬,৫২১/- | ২,৯২,৯৯৯/- |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(শেখ মারুফুল ইসলাম)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।

স্মারকনং-০৫.৪৪.৪৭২৫.০০১.১১.০১১.২০-

তারিখ: ২৭.০২.২০২৩ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। বেগম মন্নুজান সুফিয়ান, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৩ ও মাননীয় প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
০২। জনাব আব্দুস সালাম মূর্শেদী, মাননীয় সংসদ সদস্য- খুলনা-৪, ও সদস্য যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য।
০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৭। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।
০৮। উপজেলা ................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৯। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
১০। জনাব ....................................................................সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

২৭.০২.২০২৩
(মোঃ মাহবুবুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ,দিঘলিয়া, খুলনা।